**দুর্নীতি দমন কমিশন**
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd

সারক নং-দুদক/প্রকল্প/শক্তিশালীকরণ/বৃত্তি/১৮-২০১৯/৩৮৬৩১ তারিখ: ০৬/১০/২০১৯।

বিষয়: **দুর্নীতি দমন কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন 'দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ' প্রকল্পের আওতায় কমিশনের কর্মকর্তাদের দেশে এবং বিদেশে মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা কোর্সে ফেলোশিপ/বৃত্তি'র জন্য আবেদন আহবান।**

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন এর কর্মকর্তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে কমিশনের সক্ষমতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তি ভিত্তিক অভিযোগের অনুসন্ধান ও তদন্তে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং কমিশনের নিজস্ব ফরেনসিক ল্যাব এবং সাইবার নিরাপত্তা বিষয়ে দক্ষ কর্মকর্তা তৈরির নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে দেশে এবং বিদেশে উচ্চ শিক্ষায় মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা কোর্সে ফেলোশিপ/বৃত্তি প্রদানের লক্ষ্যে দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তাদের নিকট হতে নির্ধারিত ফরমে নির্দেশক্রমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬/১০/১৯
ড. এম এম মাজেদুল ইসলাম
উপপ্রকল্প পরিচালক
দুদক শক্তিশালীকরণ প্রকল্প
dpd.stengthening@acc.org.bd
ফোন: ০২-৯৩৩২২৯৪

বিতরণ:

১। মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সকল)। (সংশ্লিষ্ট অনুবিভাগের সকল কর্মকর্তাদের অবহিত করণের অনুরোধসহ)

২। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয় (সকল)। (অধিনস্থ সকল কর্মকর্তাদের অবহিত করণের অনুরোধসহ)

৩। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয় (সকল)।(অধিনস্থ সকল কর্মকর্তাদের অবহিত করণের অনুরোধসহ)

৪। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দুদক ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

১। প্রকল্প পরিচালক, দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ প্রকল্প।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)

২। কমিশনার (অনুসন্ধান/তদন্ত) মহোদয়ের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (কমিশনার (অনুসন্ধান/তদন্ত) মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

৪। অফিস কপি।

**দুর্নীতি দমন কমিশন**
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd

সারক নং-দুদক/প্রকল্প/শক্তিশালীকরণ/বৃত্তি/১৮-২০১৯/৩৮৬৩০ তারিখ: ০৬/১০/২০১৯।

দেশে/বিদেশে উচ্চ শিক্ষায় মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা শ্রেণির ফেলোশিপ/বৃত্তি বিজ্ঞপ্তি

বিষয়: **দুর্নীতি দমন কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন 'দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ' প্রকল্পের আওতায় কমিশনের কর্মকর্তাদের দেশে এবং বিদেশে মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা কোর্সে ফেলোশিপ/বৃত্তি'র জন্য আবেদন আহবান।**

দুর্নীতি দমন কমিশন এর কর্মকর্তাদের পেশাদার দক্ষতা উন্নয়নের মাধ্যমে কমিশনের সক্ষমতা বৃদ্ধিসহ কর্ম দক্ষতার উন্নয়ন, তথ্য প্রযুক্তির অভিযোগের অনুসন্ধান ও তদন্তে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা এবং কমিশনের নিজস্ব ফরেনসিক ল্যাব ও সাইবার নিরাপত্তা বিষয়ে দক্ষ কর্মকর্তা তৈরির নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে দেশে/বিদেশে উচ্চ শিক্ষায় মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা শ্রেণির ফেলোশিপ/বৃত্তি প্রদানের লক্ষ্যে দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তাদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

০১। দুর্নীতি দমন কমিশন এর কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহ তথা নিম্নলিখিত ও এতদসংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে ফেলোশিপ প্রদান করা হবে:
Corruption Studies, Corruption and Governance, Good Governance, Anti-Corruption Studies, Counter Fraud and Counter Corruption, Cyber Security, Cyber Crime Investigation, Criminal Financing, Digital Forensic, Cyber investigations and digital forensics, Procurement and Supply Management, Anti-Money Laundering investigation, eGovernance, Corruption Prevention Methods, Corruption Prevention Practices এবং দুর্নীতি দমন ও প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম পরিচালনার জন্য সহায়ক এবং বাছাই কমিটি কর্তৃক গ্রহণযোগ্য যে কোন বিষয়ে ফেলোশিপ প্রদান করা হবে;

০২। উচ্চশিক্ষার বিষয়বস্তু যদি দুর্নীতি দমন কমিশনের কার্যক্রমে বিশেষ অবদান রাখবে বলে কমিশন কর্তৃক বিবেচিত হয় সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রাধিকার দেওয়া হবে;

০৩। আবেদনকারী ইতোমধ্যে দুর্নীতি দমন কমিশন বা দেশের অন্য কোনো সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে উচ্চশিক্ষার জন্য কোনো প্রকার ফেলোশিপ বা অনুদান গ্রহণ করেন নাই, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-০২ এ উল্লিখিত বিষয়ে সার্বক্ষণিকভাবে/নির্দিষ্ট সময় পরপর অধ্যয়নরত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/সুপারভাইজার কর্তৃক চূড়ান্ত ভর্তির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন;

০৪। শিক্ষাগতযোগ্যতার ক্ষেত্রে ফেলোশিপের জন্য স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে ন্যূনতম একটিতে প্রথম বিভাগ বা শ্রেণি বা সমমান হতে হবে অথবা ৩.০০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) এবং ৪.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে। শিক্ষাবোর্ড বা বিশ্ববিদ্যালয়ের কোন পরীক্ষায় ৩য় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না;

০৫। আবেদনকারীর বয়স: মাস্টার্স/পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে আবেদন করার জন্য আবেদন জমাদানের শেষ তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৪০ বছর এর মধ্যে হতে হবে।

০৬। আবেদনকারীর দুর্নীতি দমন কমিশনে চাকরির বয়স কমপক্ষে ০৩ বছর এবং চাকুরি স্থায়ী হতে হবে;

০৭। আবেদনকারীর ইংরেজী ভাষার দক্ষতার প্রমানস্বরূপ টোফেল স্কোর ন্যূনতম ৮০ (আশি) অথবা IELTS স্কোর ন্যূনতম ৬ (ছয়) থাকতে হবে;

০৮। কম্পিউটার সম্পর্কে (Microsoft Word, Excel, Access, Power Point, Operating Systems, Internet Browsing, Emailing) অভিজ্ঞতা আছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৯। মনোনীত প্রার্থীদের সর্বোচ্চ এক বছর মেয়াদি মাষ্টার্স কোর্সের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং প্রতি ছয় (০৬) মাস অন্তর-অন্তর অগ্রগতি মূল্যায়ন করা হবে।

১০। যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের জন্য সুপারিশ করবেন, যা কমিশন চূড়ান্ত অনুমোদন করবেন।

১১। নির্ধারিত ফেলোর গ্যারান্টারগণ এই মর্মে ৩০০ টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে বন্ড প্রদান করবেন যে, ডিগ্রি লাভের পর বিদেশে অধ্যয়নরত ফেলোগণ দেশে ফেরৎ আসবেন এবং দুর্নীতি দমন কমিশনে সেবা প্রদান করবেন।

১২। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায় সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।

১৪। আগ্রহী প্রার্থীগণ প্রকল্প অফিস হতে ফেলোশিপের আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে পারবেন এবং কমিশনের ওয়েবসাইট (www.acc.org.bd) হতেও ডাউনলোড করতে পারবেন।

১৫। সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশীট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত অফার লেটার, জাতীয় পরিচয়পত্র, পার্সপোর্ট (যদি থাকে) ও জীবন বৃত্তান্তসহ পূরণকৃত আবেদনপত্র এতদসংগে সংযুক্ত ফরমে আগামি ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে জালাল সাইফুর রহমান, প্রকল্প পরিচালক, দুদক শক্তিশালীকরণ প্রকল্প, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা; ইমেইলে (pd.strengthening@acc.org.bd), রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৬। দেশে অধ্যয়নরত প্রার্থীগন স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে বা বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদন করবেন।

১৭। দেশের অন্য কোন সরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত দেশে/বিদেশে উচ্চ শিক্ষার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-০২ এ উল্লেখিত বিষয়ে সার্বক্ষণিকভাবে অধ্যয়নরত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত ভর্তির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদন যোগ্য বলে বিবেচিত হবেন।

১৮। বিদেশে অধ্যয়নকালে আবেদনকারী সেদেশে অবস্থিত বাংলাদেশী মিশনে নিজেদের নাম, স্থানীয় ঠিকানা ও বিশ্ববিদ্যালয়ের তথ্যাদি অবহিত করবেন।

১৯। চূড়ান্ত নির্বাচনের পর বিশ্ববিদ্যালয় পরিবর্তনের আবেদন করলে যদি অতিরিক্ত টিউশন ফি-এর প্রয়োজন হয় তবে উক্ত অতিরিক্ত টিউশন ফি ফেলোকে বহন করতে হবে।

২০। যে সেশনে ভর্তির জন্য ফেলো নির্বাচন করা হবে সে সেশনে ভর্তি না হলে এবং এ ব্যাপারে কমিশনকে পূর্ব হতে কোন কিছু অবহিত না করলে উক্ত ফেলোর নির্বাচন বাতিল করা যাবে।

২১। কমিশন যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

জালাল সাইফুর রহমান
প্রকল্প পরিচালক
দুদক শক্তিশালীকরণ প্রকল্প
pd. strengthening@acc.org.bd
ফোন: ০২-৯৩৫২১১৫